

তারিখ	...
পৃষ্ঠা	৩
কলাম	১

খুলনা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা শুরু

খুলনা প্রতিনিধি খুলনা বিশ্ববিদ্যালয়ের ৫টি কুলের ১৬টি ডিসিপ্রিনে পত রে'ব্বাদ থেকে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ৫৪০টি আসনের জন্য প্রায় ১০ হাজারের বেশি পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছে। গড়ে ১টি আসনের জন্য ২০ জন পরীক্ষার্থী ভর্তি হচ্ছে অংশ নিয়েছে।

বিশ্ববিদ্যালয়ের সূত্রে জানা গেছে, বিজ্ঞান, প্রকৌশল প্রযুক্তিবিদ্যা কুলের ৫টি ডিসিপ্রিনে ১৭৫টি আসনের জন্য ৩ হাজার ৮ জন, জীব বিজ্ঞান কুলের ৭টি ডিসিপ্রিনে ২৪৫টি আসনের জন্য ৩ হাজার ২০৬ জন, ব্যবস্থাপনা ও ব্যবসা প্রশাসন কুলের ১টি ডিসিপ্রিনে ৫০টি আসনের জন্য ১ হাজার ৮৫০ জন, সমাজবিজ্ঞান কুলের ১টি ডিসিপ্রিনে ৩৫টি আসনের জন্য ১ হাজার ২৪৭ জন ও কলা এবং মানবিক কুলের ১টি ডিসিপ্রিনে ৩৫টি আসনের জন্য ১ হাজার ৪৬০ জন পরীক্ষার্থী অংশ নিয়েছে। অত্র মঙ্গলবার পর্যন্ত ভর্তি পরীক্ষা চর্কবে।